

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ : ২৬ জ্যেষ্ঠ, ১৪১২ বঙ্গাব্দ/ ৯ জুন, ২০০৫ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১৬৮-আইন/২০০৫/২০৮৩/শুল্ক।- Customs Act, 1969 (Act IV of 1969) এর section 19(1) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, অত্র বিভাগের ৫ই আষাঢ়, ১৪০৯ বঙ্গাব্দ মোতাবেক ১৯শে জুন, ২০০২ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৫৬-আইন/২০০২/১৯৫৯/শুল্ক রহিত করিয়া, Customs Act এর FIRST SCHEDULE ভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত টেবিল এর কলাম (১) ও (২) এ উলিখিত Heading No. এবং H.S. Code এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহকে, উহাদের উপর আরোপনীয় সমুদয় আমদানি শুল্ক, সম্পূরক শুল্ক (যদি থাকে) ও মূল্য সংযোজন কর, হইতে নিম্নবর্ণিত শর্তাধীনে অব্যাহতি প্রদান করিল, যথাঃ-

শর্তসমূহ

- (ক) আমদানিকারককে অবশ্যই পশু সম্পদ অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত পোল্ট্রি অথবা গবাদি পশু প্রতিষ্ঠান (Dairy Farm) অথবা Animal Health Company হইতে হইবে।
- (খ) আমদানিকারকের ব্যবহারের জন্য যে পরিমাণ পণ্যের প্রয়োজন হইবে সেই পরিমাণ উলে-খপূর্বক আমদানিকৃত পণ্য পোল্ট্রি অথবা পশু খাদ্যে ব্যবহৃত হইবে এই মর্মে পশু সম্পদ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত ছাড়পত্র আমদানিকারক কর্তৃক সংশ্লিষ্ট শুল্ক কমিশনার বরাবর দাখিল করিতে হইবে।
- (গ) Animal Health Company কর্তৃক আমদানির ক্ষেত্রে সংশ্লিষ্ট পোল্ট্রি অথবা গবাদি পশু প্রতিষ্ঠানসমূহের বাৎসরিক চাহিদার পরিমাণ যথাযথভাবে নিরূপণ করতঃ পশু সম্পদ অধিদপ্তর উক্ত পরিমাণ আমদানির জন্য Animal Health Company এর অনুকূলে ছাড়পত্র প্রদান করিবে এবং উক্ত ছাড়পত্র আমদানিকারক কর্তৃক সংশ্লিষ্ট শুল্ক কমিশনার বরাবরে দাখিল করিতে হইবে।
- (ঘ) আমদানিকৃত পণ্যের মোড়কে “পণ্য পশুখাদ্যে ব্যবহার করা হইবে” মর্মে অথবা অনুরূপ অন্য কোন Indication থাকিতে হইবে।
- (ঙ) আমদানিকারককে পণ্যের Printed literature এবং Chemical analysis দাখিল করিতে হইবে। শুল্ক কর্তৃপক্ষ উহাতে সন্তুষ্ট না হইলে স্বীয় ল্যাবরেটরীতে অথবা Bangladesh Council of Scientific and Industrial Research অথবা ঢাকা

বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট পরীক্ষাগারে অথবা সরকার কর্তৃক অনুমোদিত নির্ভরযোগ্য অন্য কোন পরীক্ষাগারে উহার রাসায়নিক পরীক্ষা করাইতে পারিবে।

- (চ) পোল্ট্রি অথবা গবাদি পশু প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত পণ্য সঠিকভাবে ব্যবহৃত হইয়াছে কিনা এবং Animal Health Company কর্তৃক আমদানিকৃত পণ্য সংশ্লিষ্ট পোল্ট্রি অথবা গবাদি পশু প্রতিষ্ঠানের নিকট সরবরাহ করা হইয়াছে কিনা তাহা পশু সম্পদ অধিদপ্তর মনিটর করিবে।
- (ছ) এই প্রজ্ঞাপনের আওতায় রেয়াত প্রাপ্ত পণ্য উপরি-উক্ত উদ্দেশ্যে ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহৃত হইলে সংশ্লিষ্ট শুল্ক কর্তৃপক্ষ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

টেবিল

Heading No.	H.S.Code	Description
(1)	(2)	(3)
05.08	0508.00.00	Coral and similar materials, Simply prepared (Poultry feed grade)
12.08	1208.10.00	Flours & meals of Soyabeans
15.16	1516.20.90	Vegetable fats
21.02	2102.10.00	Active yeasts
	2102.20.10	Inactive yeasts
	2102.20.90	Other Single-cell micro-organisms, dead
23.09	2309.90.00	Other poultry/animal feed
28.05	2805.12.00	Calcium premix
28.28	All H.S. Codes	Hypochlorites; commercial calcium hypochlorite; chlorites; hypobromites
28.35	2835.25.00	Di-calcium phosphate (DCP)
	2835.26.00	Mono/Tricalcium phosphate (Feed grade)
28.42	All H.S. Codes	Other salts of inorganic acids or peroxyacids (including aluminosilicates whether or not chemically defined), other than azides
29.23	2923.20.00	Lecithins and other phosphoaminolipids
29.34	2934.99.10	Nucleic acids and their salts
29.37	2937.19.10	HCG, leutinising hormone & releasing hormone

30.03	3003.90.99	Veterinary medicine: FMD Vaccine, Bio-add, Til-gain, Origo-stim
30.04	3004.20.00	Medicaments containing other Antibiotics for Poultry & Dairy
	3004.39.90	Medicaments of other Hormones for Poultry & Dairy
	3004.50.00	Other medicaments containing vitamins or other products of Heading No. 29.36
	3004.90.99	Veterinary medicine: FMD Vaccine, Bio-add, Til-gain, Origo-stim
35.07	3507.90.00	Enzymes; prepared enzymes not elsewhere specified or included for use in animal feed
38.08	3808.94.10	Disinfectants for use in Poultry & Dairy
	3808.99.10	Other, for use in Poultry & Dairy
38.22	3822.00.00	Diagnostic/laboratory reagents for Poultry/Animal disease diagnosis

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
(খায়রুজ্জামান চৌধুরী)
সচিব।

* এস,আর,ও নং ১৪৮-আইন/২০০৭/২১৪৭/শুষ্ক, তারিখ ২৭ জুন, ২০০৭ দ্বারা সংশোধিত।

